সংবাদ

তারিখ 01 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম ৩



নওগাঁ : বদলগাছী বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয়ের প্রধান ফটক -সংবাদ

### বদলগাছী বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয়

# শিক্ষক-শ্রেণীকক্ষ সঙ্কটে ভেঙে পড়েছে শিক্ষা কার্যক্রম

প্রতিনিধি, বদলগাছী (নওগাঁ)

নওগাঁর বদলগাছী বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয়ে একাডেমিক ভবন ও মহিলা হোস্টেল না থাকায় ঐ কলেজের শত শত ছাত্রছাত্রী চনম দুর্ভোগে পড়েছেন।

কলেজের শিক্ষার্থীরা জানান, বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয়ে এইচএসসি থেকে অনার্স, বি.এ, বি.এস.এস ও বি.বি.এস কোর্সসহ ১৯টি বিষয়ে পাঠদান কার্যক্রম চলছে। আর এ কলেজে ১৯টি বিষয়ে পাঠদান কার্যক্রম চললেও কলেজে একাডেমিক ভবন রয়েছে মাত্র ৪টি আর এতে শ্রেণী কক্ষ রয়েছে মাত্র ৯টি। এই শ্রেনী কক্ষের অভাবে ছাত্রছাত্রীদের পাঠদান ব্যহত হচ্ছে। এ মহাবিদ্যালয়ে এলাকার সহ বিভিন্ন জেলা ও উপজেলার প্রায় ১৫শ' থেকে ১৮শ' ছাত্রছাত্রী উচ্চ শিক্ষা লাভের জন্য লেখাপড়া করছে। তার মধ্যে কলেজে ছাত্রী সংখ্যা প্রায় সাড়ে ৫শ' জন। কলেজে বিভিন্ন জেলা উপজেলা থেকে ভর্তি হওয়া ছাত্রীর সংখ্যা প্রায় ২শত জন। এসব ছাত্রীদের থাকার জন্য এই কলেজে নেই কোন মহিলা হোস্টেল। এতে করে দুর দুরান্তের ছাত্রীরা ঠিক মতো ক্লাসও করতে পারছেনা। কলেজ ছাত্রী তামান্না, শারমিন, আদরী, কেয়া সহ আরও অনেকেই জানান আমরা কেউ রংপুর,দিনাজপুর, নওগাঁ, সাপাহর, বগুড়া সহ বিভিন্ন এলাকা থেকে এই কলেজে লেখাপড়া করতে এসেছি। কিন্তু এই কলেজে কোন মহিলা হোস্টেল না থাকায় আমরা খুব ভোগান্তির শিকার হচ্ছি। আর এতে করে আমাদের লেখাপড়ার খুব ক্ষতি হচ্ছে। তাই এখানে যদি একটি মহিলা হোস্টেল থাকতো তা হলে আমাদের খুব ভালো হতো। অপরদিকে তারা আরও জানান এই কলেজে শিক্ষক থাকার কথা ৩৫ জন কিন্তু সেখানে রয়েছে মাত্র ১৯ জন শিক্ষক এতে করে আমাদের সব বিষয়ে পাঠদান বাধাগ্রস্ত হচ্ছে। আর এই কলেজে হিসাব বিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, রসায়ন, পদার্থ বিজ্ঞান এর শিক্ষক না থাকায় অতিসত্তর শিক্ষক নিয়োগ একান্ত জরুরি। উল্লেখ্য, যে গত বিসিএসে পার্শ্ববর্তী কলেজগুলোতে একাধিক শিক্ষক প্রদান করা হলেও এই কলেজে অনেক শিক্ষকের পোস্ট ফাঁকা থাকলেও কোন শিক্ষক প্রদান করা হয়নি। কলেজ সূত্রে জানা গেছে, বঙ্গবন্ধু সরকারি মহাবিদ্যালয়টি বেসরকারি ভাবে ১৯৭২ সালে সালের ১৬ জুলাই বঙ্গবন্ধু মহাবিদ্যালয় কলেজ নামে পদযাত্রা শুরু করে। প্রতিষ্ঠাকালে উচ্চ মাধ্যমিক এর শুধু বিজ্ঞান ও মানবিক শাখার পাঠদান চালু করা হয়। ১৯৮৩ সলে কলেজটিতে উচ্চ মাধ্যমিকের বাণিজ্য শাখা চালু করা হয়। এবং ১৯৮৬ সালে ডিগ্রি (পাস) কোর্স চালু করা হয়। ১৯৮৭ সালে জাতীয় পার্টির শাসন আমলে হুসোইন মোঃ এরশাদ কলেজটি জাতীয়করণ এর ঘোষনাদেন। ঘোষনা দেওয়ারপর ১১ নভেম্বর ১৯৮৭ সালে কলেজটি বদলগাছী সরকারি কলেজ হিসাবে নাম করন করা হয়। কলেজটিতে ২০১২/১৩ শিক্ষাবর্ষ থেকে বাংলা ও অর্থনীতি বিষয়ে অনার্স কোর্স চালু করা হয়। পরে আরও দুটি ইসলামের ইতিহাস ও রাষ্ট্র বিজ্ঞানসহ মোট ৪টি বিষয়ে কোর্স চালু করা হয়। অনুমোদন নিয়ে অর্নাস কোর্স চলু করা হয়। এবং আরও ৩টি বিভাগে অনার্স কোর্স চালু করণের জন্য কতৃপক্ষের বিবেচনাধীন রয়েছে। ২০১৫-১৬ সালে বিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির অনুমতি পাওয়ায় ভর্তি কার্যক্রম চলমান রয়েছে। ২০১৫ সালে সাবেক সাংসদ ড. মোঃ আকরাম হোসেন চৌধুরীর প্রচেষ্টায় শিক্ষা মন্ত্রণালয় নং-শিম/শা:৮/বিবিধ ( নামকরণ )-৫/২০১০ তারিখ: ৪/৮/২০১৪ প্রজ্ঞাপনে অত্র কলেজটির নাম পরিবর্তন করে বঙ্গবুন্ধু সরকারি মহাবিদ্যালয় নামে নাম করন করা হয়। বঙ্গবুন্ধ সরকারি মহাবিদ্যালয়ের অধ্যক্ষ প্রফেসর মোঃ হামিদুর রহমান বলেন, দুর-দুরান্তের ছাত্রীদের পড়াশুনার কথা চিন্তা করে একটি ৫০ সিটের মহিলা হোস্টেলের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে আবেদন করা হয়েছে। মাত্র ৪টি একাডেমিক ভবনে ৯টি ক্লাস রুম রয়েছে এতে করে ১৯টি বিষয়ে পাঠদান কি ভাবে করানো হয় প্রশ্ন করলে তিনি বলেন একাডেমিক ভবন ও ক্লাস রুম বেশি না থাকায় কলেজের ছাত্র-ছাত্রীদের ক্লাস করাতে বিড়ম্বনার শিকার হচ্ছি। তবে এখানে ১৫ রুম বিশিষ্ট একটি ৫ তলা একাডেমিক ভবন হলে কলেজের ছাত্র-ছাত্রীদের এই ভোগান্তি থেকে রক্ষা পেত।

**হোস্টেল সংকটে দূরের ছাত্রীরা কলেজে অনিয়মিত**